নিখোঁজ

নাম মোঃ জনি (১৬), পিতার নাম: চাদ আলি, মাতার নাম: জসনা, গ্রাম: পুড়াপাড়া, মেহেরপুর।

গত ২৫/০১/২০২৪ আনুমানিক বেলা ১২ টার দিকে পিতা মাতার উপর অভিমান করে বাড়ি থেকে বের হয়। এখন পর্যন্ত বাড়িতে ফিরে আসেনি কেউ যদি ছেলেটার সন্ধান পেয়ে থাকেন তাহলে ০১৯৬৯-৩৬০৩৪৬ এই নাম্বারে যোগাযোগ করার জন্য বিনীতভাবে অনুরোধ করা অনুরোধ করা হল।

জমি দখলের চেষ্টার প্রতিবাদে সংবাদ সম্মেলন

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বায়োগান ইউনিয়নের মোছাঃ নূর জাহান (আনজিরা) নামের এক মহিলার ৪ কাটা জমি অবৈধভাবে ও জোরপূর্বক দখল করার চেষ্টার অভিযোগে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২৭ জানুয়ারি) মেহেরপুর শহরের কোট এলাকায় এ সংবাদ সম্মেলনে বক্তব্য পাঠ করেন মোছাঃ নূর জাহান।

তিনি বলেন,২৮ বছর আগে ৪ কাটা জমি আমি কিনি। এত বছর আমি বসবাস করে আসছি হঠাৎ ১ বছর আগে আমি যার কাছ থেকে জমি কিনি তার ভাই কাজী কোমড় উদ্দীন (সেলিম) আমার জমিতে থাকা শিশুগাছ কাটতে শুরু করে। ফলে আমি থানায় অভিযোগ করি পরে গাছ কাটতে নিষেধ করলেও সে গাছ কাটতে থাকে। আমার পজিশনিং জায়গা নিয়ে সে আমাকে পিছনে জায়গায় দিতে চাচ্ছে,আমার মেইন রাস্তার জমি নিয়ে আমাকে পিছনে দিতে যাচ্ছে। আমি আইনের প্রতি শ্রদ্ধাশীল তাই এর সুষ্ঠু প্রতিকার চাই।

মেহেরপুর জেলা রোভার স্কাউটসের সুবর্ণ জয়ন্তী ডে ক্যাম্প অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের গৌরবের পঞ্চাশ বছর উদযাপন উপলক্ষে মেহেরপুরে সুবর্ণ জয়ন্তী ডে ক্যাম্প ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২৭ জানুয়ারি) সকালে জেলা শিল্পকলা একাডেমী থেকে একটা র্যালি বের হয়। র্যালিটি মেহেরপুর সরকারী বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে গিয়ে শেষ হয়ে সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা রোভার স্কাউটসের সহ সভাপতি নুরুল আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলা প্রশাসক ও জেলা রোভারের সভাপতি শামীম হাসান।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা রোভারের কমিশনার ও মেহেরপুর সরকারী মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম।

জেলা রোভার স্কাউটসের সম্পাদক ফররুখ আহমেদের সঞ্চালনায় জেলা রোভারের কোষাধ্যক্ষ রফিকুল আলম বকুল, ডি আর এস এল আনোয়ার হোসেন, সহকারী কমিশানার জাহির হোসেন চঞ্চল, গাংনী ডিগ্রি কলেজের আাসাদুজ্জামান, জেলা যুগ্ন সম্পাদক আলমগীর হোসেন, হাড়াভাঙ্গা মাদ্রাসার সহকারী অধ্যাপক আতিকুর রহমান, মুজিবনগর ডিগ্রি কলেজের রোকেয়া খাতুন, ছহিউদ্দীন ডিগ্রি কলেজের ওয়াহিদুজৃজামান টিটু, এআরবি কলেজের সেলিম রেজা, সরকারী টেকনিকাল স্কুল এন্ড কলেজের মনারুল ইসলাম, সন্ধ্যানী স্কুল এন্ড কলেজের এমদাদুল হক ও আন নুর টেকনিকাল এন্ড বিএম কলেজের শাহিনুজ্জামান সহ বিভিন্ন কলেজ মাদ্রাসার ও রোভার শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিএনপির কালো পতাকা মিছিল

মেহেরপুরে দ্রব্যমূল্যের উর্ধ্ধগতি, সংসদ বাতিলসহ বিভিন্ন দাবিতে কালো পতাকা মিছিল করেছে বিএনপির নেতাকর্মীরা।

আজ শুক্রবার বিকাল ৫ টায় মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে থেকে মিছিলটি বের হয়ে শহরের প্রধান-প্রধান সড়ক প্রদক্ষিণ করে সরকারি উচ্চ বালক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে গিয়ে শেষ হয়। মিছিলে নেতৃত্বে দেন জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন।

মিছিলে অন্যদের মধ্যে জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলামসহ বিএনপি ও এর অঙ্গ সংগঠন ও সহযোগী সংগঠনের সহস্রাধিক নেতা কর্মী কালো পতাকা মিছিলে অংশ নেন।

মেহেরপুরে জেলা আইনজীবী সমিতির নির্বাচনে বিএনপি পন্থীদের নিরঙ্কুশ বিজয়

মেহেরপুরে জেলা আইনজীবী সমিতির বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে । নির্বাচনে ৯টি পদের মধ্যে সভাপতি, সাধারণ সম্পাদকসহ ৬টি পদে বিএনপিপন্থী আইনজীবী ফোরাম এবং ৩টি পদে আওয়ামীলীগ পন্থী আইনজীবী পরিষদ নির্বাচিত হয়েছেন।

আজ শুক্রবার দিনব্যাপী ভোটগ্রহন শেষে বিজয়ীদের নাম ঘোষণা করা হয়েছে ।

সভাপতি পদে (বিএনপি) মারুফ আহমেদ বিজন ৮৫ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, সভাপতি পদে (আওয়ামী লীগ) গোলাম মোস্তফা পেয়েছেন ৪১

ভোট। সাধারণ সম্পাদক পদে এ এস এম সাইদুর রাজ্জাক ৮২ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, আওয়মী প্যানেলের নাজমুল হুদা পেয়েছেন ৪৪ ভোট, সহ-সভাপতি পদে রফিকুল ইসলাম (বিএনপি) ৬৯ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, আওয়ামী প্যানেলের নজরুল ইসলাম পেয়েছেন ৫৩ ভোট।

আওয়ামী প্যানেলে থেকে যুগ্ম সাধারণ সম্পাদক পদে শাহরিয়ার মাহমুদ ৬৪ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। বিএনপি প্যানেলের এহান উদ্দিন মনা পেয়েছেন ৫৯ ভোট। আওয়ামী প্যানেল থেকে কোষাধক্ষ পদে রোকেয়া খাতুন ৬৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, বিএনপি প্যানেলের সাইফুল ইসলাম পেয়েছেন ৬১ ভোট, আওয়ামী প্যানেল থেকে পাঠাগার ও সাংস্কৃতিক সম্পাদক পদে নাগিব মাহফুজ জুয়েল ৬৪ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, বিএনপি প্যানেলেরশফিউল আযম খান বকুল পেয়েছেন ৫৮ ভোট, বিএনপি প্যানেল থেকে সিনিয়র সদস্য মোখলেছুর রহমান স্বপন ৭২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, আওয়ামী প্যানেলের আবুল হাসেম পেয়েছেন ৪৯ ভোট, বিএনপি প্যানেল থেকে কার্যনির্বাহী সদস্য আ ন ম আল মামুন অনল ৭৪ ভোট এবং তারিক আহমেদ ৬২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, আওয়ামী প্যানেল থেকে এস এম আমানুল্লাহ আল আমান ৫৩ ভোট এবং সাব্বির হোসেন শিশির পেয়েছেন ৬০ ভোট।

আজ শুক্রবার সন্ধ্যা ছয়টায় ভোট গণনা শেষ বিজয়ীদের নাম ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার আইনজীবী বিমল কুমার বিশ্বাস।

আইনজীবী সমিতির ১৪১ জন ভোটারের মধ্যে ভোদ প্রদান করেন ১২৫ জন। এদিকে সকাল ৯টায় ভোটগ্রহণ শুরু হয় মেহেরপুর আইনজীবী সমিতির পুরাতন ভবনে। নামায ও মধ্যহু ভোজের বিরতি দিয়ে ভোট গ্রহণ করা বিকাল ৪টা পর্যন্ত। ভোটগ্রহণ উপলক্ষে মেহেরপুর কোর্ট এলাকায় উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়।

গাংনীর খাসমহলে ১০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

গাংনীর খাসমহলে ১০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ীকে আটক করেছে ধলা পুলিশ ক্যাম্প।

আটকের বিষয়টি নিশ্চিত করেছেন ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) সাহেব আলী।

গতকাল বৃহস্পতিবার রাতে খাসমহলে ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) সাহেব আলীর নেতৃত্বে, এ এস আই আবুল কালাম আজাদ, ও এএসআই শামসুর রহমান, সঙ্গিও ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটককৃত লালটু হোসেন(২৩) মোঃ শরীফ খানের ছেলে।

লালটু হোসেন একজন চিহ্নিত মাদক ব্যবসায়ী বলে জানিয়েছে পুলিশ। পুলিশ জানায়, প্রকাশ্যে ফেনসিডিল বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয় লালটু হোসেনের বাড়িতে। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টাকালে তাকে আটক করা ও বাড়িতে তল্লাশি করে ১০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) সাহেব আলী জানান, মাদক বিক্রির সময় হাতে নাতে তাকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে গাংনী থানাতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে প্রাণিসম্পদ পরামর্শ কেন্দ্র” সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিটভূক্ত প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচির আওতায় বামুন্দী শাখার তেরাইল গ্রামে প্রায় ৫০ জন খামারি নিয়ে “প্রাণিসম্পদ পরামর্শ কেন্দ্র” সভা অনুষ্ঠিত হয়।

উক্ত প্রাণীসম্পদ পরামর্শ সভায় হাঁস-মুরগী পালেনের উপকারিতা, এর বিভিন্ন সংক্রামক রোগ ও তার প্রতিকার, খাবার ব্যাবস্থাপনা, নিয়মিত কৃমিনাশক প্রদানের উপকারিতা, এন্টিবায়োটিকের যথাযথ ব্যবহার রোধ, পিপিআর,এফএমডি, তড়কা রোগের ভ্যাকসিন প্রদানের উপকারিতা সহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গঠনমূলক আলোচনা করা হয়।

এসময় খামারিদের সংস্থার চলমান বিভিন্ন সেবামূলক ও সমন্বিত কৃষি ইউনিটের চলমান বিভিন্ন প্রদর্শনী সম্পর্কে অবহিত করা হয়। উক্ত ‘পরামর্শ কেন্দ্র’ সভায় রিসোর্স পারসন হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা ভেটেরিনারি সার্জন ডা: মোঃ আরিফুল ইসলাম এবং প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: মো: মিনহাজুল আবেদীন (পিএসকেএস)। এছাড়া আরও উপস্থিত ছিলেন প্রাণিসম্পদ ইউনিটের অনান্য কর্মকর্তা গণ।

উক্ত পরামর্শ কেন্দ্র সভা আয়োজনে আর্থিক ভাবে সহোযোগিতা করেছে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ)।

মুজিবনগরে খাদ্য ও প্রয়োজনীয় পন্য সামগ্রী বিতরন অনুষ্ঠান

বিশ্বের জন্য ভাল পরিবর্তনের অঙ্গিকার নিয়ে বাংলাদেশের একটি আন্তর্জাতিক মানবিক সাহায্য ও উন্নয়নকারী সংস্থা জাতিসংঘ অর্থনৈতিক কাউন্সিলের কনসালটেটিভ স্টেটাস্ যুক্ত গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি। প্রতিষ্ঠানটি ১৯৯৬ সাল হতে বাংলাদেশের ১২টি জেলায় দরিদ্র জনসাধারনের নানা ধরনের উন্নয়নমূলক কাজ করছে।

গুডনেইবারর্স পরিচালিত “মেহেরপুর কমিউনিটি ডেভলপমেন্ট প্রোজেক্ট” ২০০৮ খ্রীঃ থেকে নিবেদিত ভাবে এলাকায় শিশু অধিকার প্রতিষ্ঠায় তাদের শিক্ষা ও স্বাস্থ্য নিশ্চিতকরণ, গর্ভবর্তী মায়েদের স্বাস্থ্য সেবা, পরিবারের আয়বৃদ্ধিমূলক কাজ, নারী উন্নয়ন, যুব উন্নয়ন কার্যক্রম, জরুরী ত্রাণ সহায়তা ও পূনর্বাসন সহ বিভিন্ন ধরনের সচেতনতা মূলক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে মুজিবনগর উপজেলায় সফলতার সাথে কাজ করে যাচ্ছে।

তার ধারাবাহিকতায় স্পন্সর ও নন স্পন্সর শিশুদের মাঝে খাদ্য নিরাপত্তা ও প্রয়োজনীয় উপকরন সহায়তা প্রকল্পের আওতায় ৪০০ জন শিশুদের খাদ্য ও প্রয়োজনীয় উপকরন প্রদান করা হয়েছে।

খাদ্য ও প্রয়োজনীয় পন্য বিতরণ উপলক্ষে বৃস্পতিবার দুপুরে গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস

প্রাঙ্গনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপির সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় এবং গুডনেইবারর্স মেহেরপুর সিডিপির ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার আজগর আলী।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দীন,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: তৌফিক আহমেদ,উপজেলা একাডেমিক সুপার ভাইজার হাসনাইন জাহিদ,বাগোয়ান ইউনিয়ন পরিষদের সদস্য এবং সিডিপির সহ সভাপতি মি:বাবুল মল্লিক।

অনুষ্ঠানে স্পন্সর ও নন স্পন্সর ৪০০ শিশুদের মাঝে ২ কেজি মুসুরির ডাল, এক কেজি চিনি, ১ কেজি গুড়া দুধ, ২ লিটার সরিষার তেল, একটি পানির পট, ১টি টিফিন ক্যারিয়ার, একটি বডি লোশন, একটি সাবান এবং একটি পেট্রোলিয়াম জেলি প্রদান করা হয়।

মেহেরপুরে ছোটো চুরি, বড় শাস্তি, ফেসবুকে সমালোচনার ঝড়

চুরির অপরাধে গিয়াস উদ্দিন (৬০) নামের এক বৃদ্ধকে ৪ মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রট।

আজ বুধবার (২৪ জানুয়ারি) দুপুরের দিকে মেহেরপুর শহরে ভ্রাম্যমান আদালত বসিয়ে তাকে কারাদন্ড দেওয়া হয়।

গিয়াস উদ্দিন মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের কলিমুদ্দিনের ছেলে।

মেহেরপুর সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাজহারুল ইসলাম এই আদালত পরিচালনা করেন।

দন্ডবিধ ১৮৬০ এর ২৯১ ধারায় তাকে ৪ মাসের বিনাশ্রমর কারাদণ্ড দেওয়া হয় বলে জানান আদালতের বিচারক মাজহারুল ইসলাম।

এর আগে মেহেরপুর শহরের ভূমি অফিস পাড়ায় মা ও শিশু কল্যাণ কেন্দ্রের সামনে ফরমান হার্ডওয়ার এন্ড সেনেটারিতে চুরি করার সময় তাকে হাতেনাতে আটক করে দোকান মালিক। পরে তাকে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে কারাদণ্ড দেন তিনি।

এদিকে দণ্ডিত গিয়াস উদ্দিনের ৪ মাসের কারাদণ্ড নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে চলছে সমালোচনার ঝড়। বয়স্ক মানুষকে কারাদণ্ডকে কেন্দ্র করে অনেকেই লিখেছেন, সরকারের পুকুর চুরি করে পার পেলেও পেটের দায়ে ছোট চুরির সাজা ৪ মাস। অনেকেই ভ্রাম্যমান আদালতের বিচারকের তীব্র সমালোচনা করেছেন।

তবে, ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রট মাজহারুল ইসলাম বলেছেন, শহরের একটি হার্ডওয়্যার দোকান থেকে ১০ পিচ বলভাল্প পণ্য যার মুল্য ২৬ শ টাকা চুরি করে পালিয়ে যাচ্ছিলেন গিয়াস উদ্দিন।

সে এলাকার একজন চোর এবং মাদকাসক্ত। ভালো হওয়ার জন্য সে নিজের কারাদণ্ড চান। ৩/৪ মাস জেলে থাকলে ভালো হয়ে যাবে বলেও জানিয়েছেন এজন্য তার অনুরোধই ৪ মাসের কারাদণ্ড দেওয়া হয়েছে।

এদিকে বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহাজামান বলেছেন গিয়াস উদ্দিন একজন মাদকাসক্ত। সে নেশার টাকা জোগাড় করতে প্রায় ছোট খাটো চুরি করে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কনি মিয়া বলেন তার বিরুদ্ধে কোনো মামলা আছে কিনা আমার জানা নেই।

মেহেরপুরে পরিবেশ অধিদপ্তর ও র্যাবের অভিযান, ভাটা মালিককে

জরিমানা

পরিবেশ অধিদপ্তর খুলনা বিভাগীয় কার্যালয় ও র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) এর যৌথ অভিযানে ইটভাটা মালিককে এক লাখ ও গাড়ির ৩ চালককে জরিমানা করা হয়েছে।

আজ বুধবার (২৪ জানুয়ারি) দুপুরের দিকে পরিবেশ অধিদপ্তর খুলনা বিভাগীয় কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট মমতাজ বেগমের নেতৃত্বে পৃথক এই ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়।

র্যাব-১২, সিপিসি-৩, মেহেরপুর কোম্পানী কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান ও র্যাবের একটি দল এসময় উপস্থিত ছিলেন।

কয়লার পরিবর্তে কাঠ পোড়ানোসহ নানা অভিযোগে মেহেরপুর সদর উপজেলার টেংরামারী গ্রামে এমআরএইচ ব্রিকস্ এর মালিক মোঃ রুহুল আমিন(৫৫)কে ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধনী ২০১৯) ধারায় এক লাখ টাকা জরিমানা করা হয়।

এছাড়া মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে মেহেরপুর আঞ্চলিক পাসপোর্স অফিসের সামনে মহাসড়কের উপর মোবাইল কোর্ট পরিচালনা করে সড়ক পরিবহন আইনের শব্দ দূষণ বিধিমালা ২০০৬ ভঙ্গের অপরাধে চুয়াডাঙ্গার মোঃ হান্নানকে ৫ শ টাকা, মোঃ ইমন হোসেনকে ১ হাজার টাকা এবং মোঃ মশিউর রহমানকে ৫শ টাকা অর্থদন্ড করা হয়।